ভোরের কাগজ

3 JAN 2003
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ পূর্ণাঙ্গ মন্ত্রণালয়ে উন্নীত

সরকার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নামে নতুন একটি পূর্ণাঙ্গ মন্ত্রণালয় গঠন করেছে। সরকারি তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস ও ইউএনবি এ খবর দিয়েছে।

রাষ্ট্রপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহম্মেদ সংবিধানের ৫৫ (৬) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পরিবর্তিত করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগ গতকাল এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে।

এর আগে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ছিল। প্রধানমন্ত্রী খালেদা জিয়া প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বে ছিলেন। নবগঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ও প্রধানমন্ত্রীর দায়িত্বে থাকবে। প্রধানমন্ত্রী খালেদা জিয়া গতকাল চীন-বাংলাদেশ মৈত্রী সম্মেলন কেন্দ্রে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩-এর সমাপনী অনুষ্ঠানে নতুন মন্ত্রণালয় গঠনের ঘোষণা দেন।